গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
মহাখালী, ঢাকা-১২১২।
www.dgnm.gov.bd

স্মারক নং ৪৫.০৩.০০০০. ০০২.০১.০০২.২০- ১৫ তারিখঃ- ২০ /০১/২০২১খ্রিঃ।

**বিষয়ঃ ২০২০-২০২১ শিক্ষাবর্ষে সরকারি-বেসরকারি নার্সিং কলেজসমূহে (পোস্ট বেসিক) কোর্সে ছাত্র-ছাত্রী ভর্তির সময় বর্ধিতকরণ।**

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় এর স্মারক নং-৫৯.০০.০০০০. ১৪৩.৯৯.০৩.২০১৯- ৪৪৪, তারিখঃ ২৮/১২/২০২০খ্রিঃমোতাবেক সরকারি-বেসরকারি নার্সিং কলেজসমূহে বিএসসি নার্সিং ও বিএসসি পাবলিক হেলথ নার্সিং(পোস্ট বেসিক) কোর্সে শর্তাবলী অনুসরণ করে ২৭ নভেম্বর ২০২০খ্রিঃতারিখে অনুষ্ঠিত ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের ২০২০-২০২১ শিক্ষাবর্ষে ভর্তির কার্যক্রম ০৩/০১/২০২১ খ্রিঃ তারিখ হতে ২০/০১/২০২১ খ্রিঃ তারিখ পর্যন্ত নির্ধারণ করা হয়েছিল। নির্বাচিত প্রার্থীদের কোর্সে যোগদানের বিষয়টি বিবেচনা করে সরকারি পোস্ট বেসিক নার্সিং কলেজের জন্য নির্বাচিত প্রার্থীদের ভর্তির সময়সীমা ৩০/০১/২০২১ খ্রিঃ পর্যন্ত এবং বেসরকারি পোস্ট বেসিক নার্সিং কলেজের জন্য নির্বাচিত প্রার্থীদের ভর্তির সময়সীমা ২৮/০২/২০২১ খ্রিঃ তারিখ পর্যন্ত নির্দেশক্রমে বর্ধিত করা হলো।

২। ইতোপূর্বে জারীকৃত ভর্তির শর্তাবলী যথাযথভাবে অনুসরণ পূর্বক বর্ধিত সময়সীমার মধ্যে নির্বাচিত প্রার্থীদের ভর্তি করার জন্য সরকারি ও বেসরকারি নার্সিং কলেজসমূহের প্রধানগণকে অনুরোধ করা হলো। উল্লেখ্য, এরপর আর ভর্তির সময়সীমা বর্ধিত করা হবে না। অত্র অধিদপ্তরের পত্র নং-৪৫.০৩.০০০০.০০২.০১.০০২.২০-৩১৮, তারিখঃ-৩০/১২/২০২০খ্রিঃ মোতাবেক জারীকৃত পত্রের সকল শর্তাবলী অপরিবর্তিত থাকবে।

২০/০১/২০২১

মোহাম্মদ আবদুল হাই, পিএএ
(উপসচিব)
পরিচালক (প্রশাসন ও শিক্ষা)
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা

অধ্যক্ষ
সরকারি ও বেসরকারি পোস্ট বেসিক নার্সিং কলেজ
(সকল)-----------।

অনুলিপি জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

১। সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ,স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়,ঢাকা।
২। উপসচিব (নার্সিং শিক্ষা),স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৩। রেজিস্ট্রার, বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল, ঢাকা ।
৪। উপপরিচালক (পিএমআইএস), নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা (পত্রটি ডিজিএনএম এর ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৫। পিএ টু মহাপরিচালক, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা ( মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।